

ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন  
প্রধান কার্যালয়  
পল্লী ভবন (৭ম তলা)  
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫  
www.sfdf.org.bd

জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) বাস্তবায়নের লক্ষ্যে এ ফাউন্ডেশনের  
"শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা" বাস্তবায়ন নিয়মিত  
পরিবীক্ষণের লক্ষ্যে অনুষ্ঠিত ২য় সভা এর কার্যবিবরণী

সভাপতিঃ জনাব এ এইচ এম আবদুল্লাহ  
ব্যবস্থাপনা পরিচালক  
ও  
সভাপতি

স্থান : প্রধান কার্যালয়স্থ সম্মেলন কক্ষ  
তারিখ : ২৯ ডিসেম্বর, ২০১৫  
সময় : বেলা ০৩:৩০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট 'ক'

ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক এবং শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত গঠিত 'নৈতিকতা কমিটি' এর সভাপতির সভাপতিত্বে সভার কার্যক্রম শুরু হয়। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে নৈতিকতা কমিটির সদস্য ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা বেগম জান্নাতুন আরা বেগমকে সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য অনুরোধ জানান। বেগম জান্নাতুন আরা বেগম সভাকে অবহিত করেন যে, বিগত ২২।১১।২০১৫ তারিখে প্রণয়নকৃত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়নে কিছুটা অসামঞ্জস্য থাকায় ২৭।১২।২০১৫ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটি-এর ২য় সভায় সময়াবদ্ধ কর্মপরিকল্পনাটি চূড়ান্ত করা হয়। তিনি আরো অবহিত করেন শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন নিয়মিত পরিবীক্ষণের লক্ষ্যে বিগত ২৫।১১।২০১৫ তারিখে এ সংক্রান্ত ১ম সভা অনুষ্ঠিত হয়। তিনি কর্মপরিকল্পনাটির কার্যসমূহ এবং অক্টোবর, ২০১৫ - নভেম্বর, ২০১৫ সময়ে সম্পাদিত কার্যাবলী তুলে ধরেন। বিশদ আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

০১। সময়াবদ্ধ কর্মপরিকল্পনার কার্যসমূহ ফাউন্ডেশনের সকল শাখা এবং প্রকল্পকে যথাযথভাবে অনুসরণ করতে হবে।

০২। কর্মপরিকল্পনার অগ্রগতি পর্যালোচনার জন্য ফাউন্ডেশন এবং প্রকল্পকে প্রতি ০৩ মাস অন্তর অন্তর সভা অনুষ্ঠান করতে হবে।

০৩। বিগত ২৫।১১।২০১৫ তারিখে অনুষ্ঠিত সভার ০৫নং ও ০৮নং ক্রমিকের সিদ্ধান্ত অনুযায়ী গঠনকৃত ০২টি কমিটি জানুয়ারি, ২০১৬ মাসের ৩য় সপ্তাহে সভা অনুষ্ঠান করে মূল্যায়ন প্রতিবেদন পেশ করবে।


০৪। বিগত ২৫।১১।২০১৫ তারিখে অনুষ্ঠিত সভার ০৪নং এবং ০৬নং ক্রমিকে বর্ণিত সিদ্ধান্ত অনুযায়ী প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের প্রশিক্ষণ কোর্স জানুয়ারি, ২০১৬ মাসের পরিবর্তে ফেব্রুয়ারি, ২০১৬ মাসের ৩য় সপ্তাহে আয়োজন করতে হবে। ঐ সভার সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক প্রধান কার্যালয়ের প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষক প্রদান করার জন্য সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগকে এবং মাঠ পর্যায়ের প্রশিক্ষণ কোর্সের জন্য জনপ্রশাসনের জেলা পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালনের অনুরোধ জানিয়ে ডিও পত্র প্রদান করা হবে।

০৫। এ সংক্রান্ত প্রশিক্ষণের ব্যয় দারিদ্র্য বিমোচনে এসএফডিএফ কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প কর্তৃক নির্বাহ করতে হবে।

০৬। উপ-মহাব্যবস্থাপক জনাব মোঃ মিজানুর রহমান ও বেগম জান্নাতুন আরা বেগম এবং ব্যবস্থাপক জনাব মোহাম্মদ মোশাররফ হোসেন প্রশিক্ষণ কোর্স ০২ (দুই)টির প্রশিক্ষণ কর্মসূচি প্রণয়ন করবে। একই সাথে প্রশিক্ষণ কোর্সের বাজেট প্রণয়ন করে ব্যবস্থাপনা পরিচালকের মাধ্যমে সম্প্রসারণ প্রকল্প বরাবরে প্রেরণ করবে।

০৭। সম্প্রসারণ প্রকল্প প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের প্রশিক্ষণ কোর্সের ব্যয় নির্বাহে প্রস্তাবিত অর্থ ফাউন্ডেশনের বিবিধ আয়খাত নামীয় সঞ্চয়ী হিসাব নম্বরে জমা করবে। ফাউন্ডেশন তদানুযায়ী ব্যবস্থা গ্রহণ করবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(এ এইচ এম আবদুল্লাহ)  
ব্যবস্থাপনা পরিচালক  
ও  
সভাপতি

কার্যার্থে বিতরণঃ

- ০১। ফাউন্ডেশনের প্রধান কার্যালয়ের সকল কর্মচারী।
- ০২। প্রকল্পের প্রধান কার্যালয়ের সকল কর্মচারী।
- ০৩। সংশ্লিষ্ট নথি।
- ০৪। অফিস কপি।